বদরগঞ্জ উপজেলা পরিষদ

জেলাঃ রংপুর

# উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরনী

সভাপতি ঃ মোঃ মিজানুর রহমান
প্রশাসক
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ২০ নভেম্বর ২০২৫খ্রিঃ

সময় ঃ ১০.১৫ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, বদরগঞ্জ, রংপুর।

**উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় ।

**২। আলোচ্য বিষয়-০২ঃ যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির কার্যক্রম পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, প্রকল্পের তালিকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ প্রদান করলে পরিকল্পনা প্রণয়নের জন্য যেমন সহজ হবে তেমনি টেন্ডার ও পিআইসি গঠন সহ যাবতীয় কর্মকান্ড পরিচালনা করা সহজ হবে। তিনি আরো বলেন, ইউজিডিপি-এর চতুর্থ রাউন্ডের জন্য রিকাস্ট অনুমোদন পাওয়া গেছে খুব শীঘ্রই সকল কার্যক্রম শুরু করা হবে। | বিস্তারিত আলোচনান্তে নবনির্বাচিত চেয়ারম্যানদের প্রকল্প দ্রুত পাঠানোর ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী |

**৩। আলোচ্য বিষয়-০৩ঃ বদরগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভার সদস্য সচিব সভায় জানান যে, , বদরগঞ্জ উপজেলায় যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাবলিক পরীক্ষার ফলাফল ভালো, শিক্ষার্থীর সংখ্যার তুলনায় বেঞ্চ এর সংখ্যা অপ্রতুল এবং যেসব প্রতিষ্ঠানে পরীক্ষা চলাকালীন সময়ে সুষ্ঠুভাবে ক্লাস পরিচালনা ও পরীক্ষা কার্যক্রম পরিচালনা করা দূরূহ হয়ে পড়ে। এছাড়া বেঞ্চ ঘাটতির ফলে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী উপস্থিতির হার অশংকাজনকহারে কমে যায়। এমতাবস্থায় উক্ত বিদ্যালয়গুলোতে বেঞ্চ সরবরাহ করলে বিদ্যালয়ের অবকাঠামোগত ঘাটতি দূর করতে এবং শিক্ষা কার্যক্রমের স্বাভাবিক গতি অব্যাহত রাখতে ১৩টি শিক্ষা প্রতিষ্ঠানে ১৬০ জোড়া বেঞ্চ সরবরাহ করা হয়েছে। | উপজেলা পরিচালন ও উন্নযন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি মনিটরিংয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

**৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।**

(মোঃ মিজানুর রহমান)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলী-এর কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং- তারিখঃ ২০/১১/২০২৫খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, রংপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৪। উপজেলা................................ কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর।
৫। চেয়ারম্যান, .............................ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৬। অফিস কপি।

(মোঃ হারুন অর রশীদ)
উপজেলা প্রকৌশলী এবং
সদস্য সচিব
উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
বদরগঞ্জ, রংপুর।